



Institutional Quality Assurance Cell (IQAC)

QAP/A-008

Shahjalal University of Science and Technology, Sylhet-3114, Bangladesh

Telephone: +880-821-717850, 714479, 713850 Ext- 249

Email: iqac-off@sust.edu, iqac-dir@sust.edu, iqac-ad@sust.edu



তারিখঃ ১০ই মে, ২০১৮

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ইন্সটিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর তত্ত্বাবধানে **সমাজবিজ্ঞান বিভাগের পিয়ার রিভিউ প্রোগ্রাম** শেষ হয়েছে। এর মধ্যে দিয়ে আইকিউএসির তত্ত্বাবধানে শাবির ২৫টি বিভাগের পিয়ার রিভিউই শেষ হল।

তিন দিনব্যাপী এ প্রোগ্রামে বিশেষজ্ঞগণ ছিলেন প্রফেসর ড. এস জে বি এ জয়াসিকারা (শ্রীলঙ্কা), রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সমাজ বিজ্ঞান বিভাগের প্রফেসর কাজী তোবারক হোসেন (অবসরপ্রাপ্ত) ও চট্টগ্রামের প্রিমিয়ার বিশ্ববিদ্যালয়ের আইকিউএসির পরিচালক প্রফেসর ড. তৌফিক সাইদ।

সকাল সাড়ে ১১ ঘটিকায় শাবির উপাচার্য প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদের সাথে উপাচার্যের সেমিনার রুমে বিশেষজ্ঞদের সৌজন্য সাক্ষাত হয়। এ সময় আইকিউএসির পরিচালক (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মোঃ আশরাফুল আলমসহ সমাজ বিজ্ঞান বিভাগের সেলফ অ্যাসেসমেন্ট কমিটির প্রধান প্রফেসর ড. মোঃ আব্দুল গণি, সদস্য প্রফেসর ড. কামাল আহমেদ চৌধুরী ও সদস্য প্রফেসর ড. মোহাম্মাদ জসীম উদ্দিন উপস্থিত ছিলেন।

শাবির উপাচার্য প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ তাঁর বক্তব্যে বলেন, “আজ আমাদের জন্য অনেক বড় একটি দিন। আমরা নির্দিষ্ট সময়ের মধ্যে আমাদের পিয়ার রিভিউ শেষ করতে পেরেছি। এই অবদানের জন্য আইকিউএসির পরিচালক ও অতিরিক্ত পরিচালককে ধন্যবাদ।” তিনি এই বছর বা পরের বছরের মধ্যে বিশ্ববিদ্যালয়ের সেশন জট সমস্যা দূর করার বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন।

আইকিউএসির পরিচালক (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মোঃ আশরাফুল আলম বলেন, “আজ আইকিউএসির জন্য খুব ভাল একটি দিন। আইকিউএসি আজ সকল বিভাগের পিয়ার রিভিউ শেষ করেছে।” তিনি সেলফ অ্যাসেসমেন্ট কার্যক্রমের ফলে সকল বিভাগের শিক্ষার মান উন্নত হওয়ার ব্যাপারে আশাবাদ ব্যক্ত করেন।

(প্রফেসর ড. মোঃ আশরাফুল আলম)

পরিচালক (ভারপ্রাপ্ত), আইকিউএসি

শাবিপ্রবি, সিলেট-৩১১৪।